কালের কণ্ঠ

তারিখ ২৮ MAY 2016
পৃষ্ঠা ১৯ কলাম ৪

# লালপুরে ছাত্রীর রহস্যজনক মৃত্যু

## দুই ভাই আটক

**নাটোর ও পিরোজপুর প্রতিনিধি ▷**

নাটোরের লালপুরে পলি খাতুন (৯) নামের দ্বিতীয় শ্রেণির এক স্কুল ছাত্রীর রহস্যজনক মৃত্যু হয়েছে। শুক্রবার ভোরে 'গোপনে' তাকে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়েছে। এ ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য ছাত্রীর দুই ভাইকে আটক করেছে পুলিশ। পলি উপজেলার মহারাজপুর গ্রামের আব্দুর রহমানের মেয়ে এবং রামকৃষ্ণপুর প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতীয় শ্রেণির ছাত্রী। আটককৃত দুই ভাই হলেন মিলন হোসেন (২৫) ও আলমগীর হোসেন (২৭)।

লালপুর থানার ওসি আব্দুল হাই তালুকদার জানান, চার ভাই ও দুই বোনের মধ্যে সবার ছোট পলি খাতুন। গত বৃহস্পতিবার রাতে পারিবারিক বিরোধ নিয়ে পলিকে বেধড়ক মারধর করেন তার ভাই মিলন হোসেন। একপর্যায়ে তার মৃত্যু হয়। পরে তার গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা বলে প্রচার করেন ভাই মিলন হোসেন ও তাঁর পরিবারের লোকজন। কিন্তু বিষয়টি পুলিশকে না জানিয়ে শুক্রবার ভোরে গোপনে পলিকে দাফন করা হয়।

ওসি আরো জানান, ছাত্রীর মৃত্যুর পেছনে ভাই মিলন হোসেন এবং আলমগীর হোসেন জড়িত কি না জিজ্ঞাসাবাদে জানা যাবে।

এ ঘটনায় থানায় একটি অপমৃত্যু মামলার প্রস্তুতি চলছে। পরে আদালতের নির্দেশনা অনুযায়ী ময়নাতদন্তের জন্য লাশ কবর থেকে তোলা হবে।

এলাকাবাসী জানায়, পলির ভাই মিলন হোসেন দুই মাস আগে তাঁর স্ত্রী সাবিনা খাতুনকে তালাক দেন। সম্প্রতি পলি সাবিনা খাতুনের বাবার বাড়িতে বেড়াতে যায়। এ নিয়ে শুক্রবার রাতে তাকে বেধড়ক মারধর করেন মিলন হোসেন। এতে তার মৃত্যু হয়। তবে বিষয়টি ধামাচাপা দিতে স্থানীয় ইউপি চেয়ারম্যান এবং প্রভাবশালীরা উঠেপড়ে লেগেছে বলে অভিযোগ এলাকাবাসীর।